গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
পরিকল্পনা শাখা-২

বিষয়ঃ "ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রাম (এনএটিপি)ঃ ফেজ-২" প্রকল্পের অভ্যন্তরীণ যাচাই কমিটির সভার কার্যবিবরণী।

"ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রাম (এনএটিপি)ঃ ফেজ-২" প্রকল্পের অভ্যন্তরীণ যাচাই কমিটির সভা গত ০২-০৪-২০১৫ তারিখে কৃষি মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন কৃষি মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (প্রশাসন ও উপকরণ) জনাব বিজয় ভট্টাচার্য। সভায় উপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট-'ক'তে দেয়া হলো।

সভাপতি উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে আলোচ্যসূচী অনুযায়ী প্রকল্পের কার্যক্রম উপস্থাপনের জন্য প্রকল্প পরিচালক, ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রাম (এনএটিপি-২)ঃ প্রিপারেশন ফ্যাসিলিটি-কে আহ্বান জানান।

২.১। প্রকল্প পরিচালক, ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রাম (এনএটিপি-২)ঃ প্রিপারেশন ফ্যাসিলিটি **PowerPoint Presentation** এর মাধ্যমে প্রস্তাবিত "ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রাম (এনএটিপি)ঃ ফেজ-২" প্রকল্পের প্রস্তাবিত কার্যক্রম তুলে ধরেন। তিনি সভাকে জানান যে, প্রকল্পটি কৃষি মন্ত্রণালয় (লিড মন্ত্রণালয়) এবং মৎস্য ও প্রাণীসম্পদ মন্ত্রণালয়ের আওতায় বাস্তবায়িত হবে। প্রকল্পটিতে ৬টি অংগের মাধ্যমে কার্যক্রম পরিচালনা করা হবে যার মধ্যে রয়েছে বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল অংগ, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর অংগ, মৎস্য অধিদপ্তর অংগ, প্রাণীসম্পদ অধিদপ্তর অংগ, প্রকল্প ব্যবস্থাপনা ইউনিট অংগ ও হরটেক্স ফাউন্ডেশন স্ট্রাটেজিক পার্টনার হিসেবে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সাথে সংযুক্ত থাকবে। প্রকল্পটি জুলাই ২০১৫ - জুন ২০২১ মেয়াদে বাস্তবায়নের জন্য প্রস্তাব করা হয়েছে। প্রকল্পটির প্রাক্কলিত ব্যয় জিওবি খাতে ২৬৬.৪৪ কোটি টাকা ও প্রকল্প সাহায্য খাতে ১৫৯৭.৪৬ কোটি টাকা অর্থাৎ মোট ১৮৬৩.৯০ কোটি টাকা। প্রকল্পটির দাতা সংস্থা বিশ্বব্যাংক/আইডিএ, ইফাদ ও ইউএসএআইডি। প্রকল্পটির গবেষণা কার্যক্রম বিএআরসি'র মাধ্যমে এনএআরএস **(NARS- National Agricultural Research System)** ভূক্ত গবেষণা প্রতিষ্ঠান, বিশ্ববিদ্যালয় ও বেসরকারী প্রতিষ্ঠানের অংশগ্রহণে দেশব্যাপী, সম্প্রসারণ কার্যক্রম যা দেশের ৭টি বিভাগের ৫৭টি জেলার ২৭০টি উপজেলায় (তন্মধ্যে এনএটিপি-১ এর অধীনে অর্ন্তভূক্ত ১০৭টি এবং নতুন ১৬৩টি উপজেলায়) ও বাজার ব্যবস্থাপনা কার্যক্রম ৩০ উপজেলায় ৩০টি 'ক্লাস্টার' এর মাধ্যমে পরীক্ষামূলকভাবে বাস্তবায়ন করা হবে। প্রকল্প পরিচালক প্রকল্পের বিভিন্ন অংগের কার্যক্রম, ক্রয় ও কর্ম পরিকল্পনা, জনবল প্রস্তাবসহ অন্যান্য বিষয়াদি সভায় তুলে ধরেন।

২.২। সভাপতি বলেন, কোন একটি প্রকল্প গ্রহণের ক্ষেত্রে **Basic Assumptions** সমূহ নির্ধারণ করা অত্যন্ত জরুরী। কেননা এর মাধ্যমে প্রকল্প সমাপ্তিতে প্রকল্পের মাধ্যমে সামগ্রিক অর্জনসমূহ পরিমাপ করা সম্ভব হয়। আলোচ্য প্রকল্পের ক্ষেত্রে কি কি **Basic Assumption** বিবেচনায় আনা হয়েছে সে বিষয়ে তিনি জানতে চান। প্রকল্পের মাধ্যমে শস্য উৎপাদনের যে লক্ষ্যমাত্রা প্রদান করা হয়েছে তা জাতীয় লক্ষ্যমাত্রার সাথে সামঞ্জস্যপূর্ণ হওয়া প্রয়োজন মর্মে তিনি মতামত ব্যক্ত করেন। তিনি বলেন, মানব সম্পদ উন্নয়নে আলোচ্য প্রকল্পে দেশে ও বিদেশে পিএইচডি প্রোগ্রামের যে সংখ্যা নির্ধারণ করা হয়েছে তা কিসের ভিত্তিতে নির্ধারণ করা হয়েছে তা জানা প্রয়োজন। তাছাড়া ক্রয়কৃত যানবাহনসমূহ কোথায় ও কিভাবে ব্যবহার করা হবে তা ব্যাখা করতে হবে। তিনি আরো বলেন শুধুমাত্র যানবাহন প্রদান করে কোন প্রতিষ্ঠানের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি করা সম্ভব নয়। প্রকল্পের ডিওএফ অংগে মৎস্য প্রক্রিয়াজাতকরণ প্রশিক্ষণ বিষয়ে তিনি বলেন, প্রস্তাবিত প্রশিক্ষণ কর্মকর্তা, ট্রেডার নাকি কৃষক পর্যায়ে হবে তা নির্ধারণ করা প্রয়োজন। সামগ্রিকভাবে তিন পর্যায়ে ১৫ বছর মেয়াদে প্রোগ্রাম বাস্তবায়নের মাধ্যমে কৃষির সামগ্রিক উন্নয়ন কিভাবে অর্জিত হবে সে বিষয়ে সুস্পষ্ট বর্ণনা থাকা প্রয়োজন।

২.৩। কৃষি মন্ত্রণালয়ের যুগ্ম প্রধান বলেন, প্রকল্পে অর্থায়নকারী উন্নয়ন সহযোগী বিশ্ব ব্যাংক এপ্রিল ২০১৫ এর মধ্যে ঋণ নেগোসিয়েশন সম্পন্ন করার জন্য আগ্রহ ব্যক্ত করেছেন। যে কারণে প্রকল্পটির ডিপিপি প্রাপ্তির পর খুব স্বল্প সময়ের মধ্যে অভ্যন্তরীণ যাচাই কমিটির সভা আয়োজন করতে হয়েছে। সংস্থা প্রেরিত ডিপিপিতে বেশ কিছু অসংগতি থাকায় সেগুলো মন্ত্রণালয়ের পর্যবেক্ষণ/মতামত হিসেবে কার্যপত্রে উপস্থাপন করা হয়েছে। প্রকল্পটি 6th Five Plan, CIP, MTSBP, Southern Master Plan সহ সরকারী নীতিমালার আলোকে প্রণয়নের জন্য কৃষি মন্ত্রণালয় হতে মতামত প্রদান করা হয়েছে। প্রকল্পের আওতায় যানবাহন, কম্পিউটার ও অন্যান্য সামগ্রী, আসবাবপত্র প্রভৃতি কোন কোন উপজেলায় প্রদান করা হবে তার তালিকা পূর্ণগঠিত ডিপিপিতে সংযোজন করা প্রয়োজন মর্মে তিনি মতামত প্রদান করেন। বিশেষ করে NATP-I এর আওতায় সংগৃহীত কম্পিউটার সমূহকে হিসেবে এনে কম্পিউটারের সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করার নিমিত্ত কৃষি সেক্টরের জন্য একটি সমন্বিত নেটওয়ার্ক স্থাপনের বিষয়টি বিবেচনায় আনা প্রয়োজন। সভাপতি এ প্রসংগে বলেন, উপরোক্ত বিষয়ে সুষ্ঠু কর্মপরিকল্পনা গ্রহণ করা থাকা প্রয়োজন। যুগ্ম সচিব (সম্প্রসারণ) বলেন, ডিএই কর্তৃক বাস্তবায়নাধীন অন্যান্য প্রকল্পের সাথে প্রকল্পটির যাতে কোন দ্বৈততার সৃষ্টি না হয় সেদিকে লক্ষ্য রাখা প্রয়োজন। তিনি আরো বলেন, বর্তমানে কৃষি খাতে বিপণন ও বাজার ব্যবস্থা উন্নয়নে অনেক কিছু করার সুযোগ রয়েছে। এ কারণে প্রকল্পের আওতায় হর্টেক্স ফাউন্ডেশনকে শক্তিশালী করা প্রয়োজন।

২.৪। হর্টেক্স ফাউন্ডেশনের ব্যবস্থাপনা পরিচালক বলেন, সদ্য সমাপ্ত প্রকল্পের ফেজ-১ এ হর্টেক্স ফাউন্ডেশন অংগ হিসেবে অর্ন্তভুক্ত ছিল। কিন্তু বর্তমানে প্রস্তাবিত ২য় পর্যায়ে হর্টেক্স ফাউন্ডেশনকে স্ট্রাটেজিক পার্টনার হিসেবে কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সাথে সংযুক্ত রাখার প্রস্তাব করা হয়েছে। এক্ষেত্রে, স্ট্রাটেজিক পার্টনারের সম্পৃক্ততায় এ কার্যক্রমে কিভাবে সম্পাদিত হবে তা ডিপিপিতে উল্লেখ থাকা প্রয়োজন। প্রকল্প পরিচালক বলেন যে, মন্ত্রণালয়, দাতা সংস্থা ও হর্টেক্স ফাউন্ডেশনের প্রতিনিধির উপস্থিতিতে বিভিন্ন পর্যায়ে বৈঠকের মাধ্যমে স্ট্রাটেজিক পার্টনারের বিষয়টি চূড়ান্ত করা হয়েছে। আলোচ্য প্রকল্পে Single Source হিসেবে হর্টেক্স ফাউন্ডেশনকে স্ট্রাটেজিক পার্টনার নির্বাচনের সুপারিশ করা হয়েছে। কৃষি মন্ত্রণালয়ের যুগ্ম প্রধান মন্ত্রণালয়ের পর্যবেক্ষণ অনুযায়ী হর্টেক্স ফাউন্ডেশনের অনুকূলে বরাদ্দ ডিএই অংগের অনুকূলে কোড ভিত্তিক প্রদর্শনের পক্ষে মতামত ব্যক্ত করলে সভায় উপস্থিত সকলে এ বিষয়ে একমত পোষণ করেন।

২.৫। বিএআরসির নির্বাহী চেয়ারম্যান বলেন যে, আলোচ্য প্রকল্পের আওতায় গবেষণা অংগে মানবসম্পদ উন্নয়নের বিষয়টি বিএআরসি কর্তৃক প্রণীত Human Resource Development Plan এর আলোকে প্রণয়ন করা হয়েছে। ভ্রমণের ক্ষেত্রে সরকারী কর্মকর্তাদের পরামর্শকদের তুলনায় কম ভাতা প্রদানের বিষয়ে সভার দৃষ্টি আর্কষণপূর্বক এ বিষয়ে তিনি কার্যকরী পদক্ষেপ গ্রহণের আহবান জানান।

২.৬। মৎস্য ও প্রাণীসম্পদ মন্ত্রণালয়ের উপ প্রধান সভাকে বলেন যে, প্রকল্পের কার্যক্রমের মধ্যে দ্বৈততার সৃষ্টি যাতে না হয় সেদিকে লক্ষ্য রাখা প্রয়োজন। পাশাপাশি প্রস্তাবিত প্রকল্পে ইউএসএআইডি'র অনুদান আলাদাভাবে ব্যবহারের বিষয়ে ডিপিপিতে নির্দেশনা থাকতে পারে। তিনি আরো বলেন, প্রস্তাবিত ডিপিপি বিষয়ে মৎস্য ও প্রাণীসম্পদ মন্ত্রণালয়ের বেশ কিছু মতামত / পর্যবেক্ষণ আছে যা পুর্ণগঠিত ডিপিপিতে সন্নিবেশ করা প্রয়োজন। সভায় সময়ের স্বল্পতার কারণে মতামত / পর্যবেক্ষণ সমূহ লিখিত আকারে প্রকল্প পরিচালকের নিকট প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

২.৭। কৃষি মন্ত্রণালয়ের যুগ্ম প্রধান প্রকল্পে পরামর্শক নিয়োগের ক্ষেত্রে মন্ত্রণালয়ের পর্যবেক্ষণসমূহ সভায় তুলে ধরেন। তিনি বলেন, আলোচ্য প্রকল্পে প্রকল্প ব্যবস্থাপনা ইউনিটে ম্যানেজার (এডমিনিষ্ট্রেশন) এর কোন প্রয়োজন নেই বরং ০১ জন প্রজেক্ট ম্যানেজমেন্ট বিশেষজ্ঞ নিয়োগ করা যেতে পারে। পাশাপাশি প্রকিউরমেন্ট বিষয়ে ০২ জন পরামর্শকের স্থলে ০১ পরামর্শক প্রস্তাব করা যেতে পারে। সভাপতি পরামর্শক এবং সাধারণ ক্যাটাগরীর জনবলের প্রস্তাবিত বেতন ভাতা পর্যালোচনা করে যৌক্তিকভাবে নির্ধারণ করা প্রয়োজন মর্মে অভিমত ব্যক্ত করেন। যুগ্ম প্রধান বিভিন্ন অংগের আওতায় Repair ও Rennovation বাবদ কোথায় কোথায় কার্যক্রম সম্পাদিত হবে তার তালিকা ডিপিপিতে সংযুক্ত করার প্রস্তাব করলে সভায় উপস্থিত সকলে একমত পোষণ করেন।

২.৮। কৃষি মন্ত্রণালয়ের যুগ্ম প্রধান বলেন যে, ইতোমধ্যে বিশ্বব্যাংক হতে প্রস্তাবিত প্রকল্পের ঋণচুক্তি নেগোসিয়েশন প্রস্তাব অর্থনৈতিক সম্পর্ক বিভাগে প্রেরণ করা হয়েছে। এমতাবস্থায়, প্রকল্প অনুমোদন কার্যক্রম তরান্বিত করার জন্য দ্রুত ডিপিপি পুর্নগঠন করা প্রয়োজন। পাশাপাশি প্রকল্পের জনবল সংক্রান্ত প্রস্তাব দ্রুত অর্থবিভাগে প্রেরণ করা প্রয়োজন মর্মে তিনি অভিমত ব্যক্ত করেন। মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় স্ব স্ব অংগের জনবলের প্রস্তাব কৃষি মন্ত্রণালয়ে প্রেরণ করলে তা সমন্বয় করে কৃষি মন্ত্রণালয় হতে অর্থ বিভাগে প্রেরণ করা যেতে পারে মর্মে তিনি প্রস্তাব করলে উপস্থিত সকলে এ বিষয়ে একমত পোষণ করেন।

সিদ্ধান্ত ঃ বিস্তারিত আলোচনা শেষে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় ঃ

১। সভার আলোচনা মোতাবেক ও কৃষি মন্ত্রণালয় এবং মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের মতামত / পর্যবেক্ষণের আলোকে প্রকল্প পরিচালক মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সচিব মহোদয় এবং প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা প্রধান কর্তৃক স্বাক্ষরিত পুর্নগঠিত ডিপিপি জরুরী ভিত্তিতে কৃষি মন্ত্রণালয়ে প্রেরণ করবেন। এ সংক্রান্ত চেকলিষ্ট পুর্নগঠিত ডিপিপিতে সংযুক্ত করতে হবে।

২। মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় স্ব স্ব অংগের জনবলের প্রস্তাব কৃষি মন্ত্রণালযে প্রেরণ করবে। কৃষি মন্ত্রণালয় সমন্বয় করে জনবল নির্ধারণ প্রস্তাব অর্থ বিভাগে প্রেরণ করবে।

পরিশেষে সভাপতি উপস্থিত সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(বিজয় ভট্টাচার্য)
অতিরিক্ত সচিব (প্রশাসন ও উপকরণ)
(সচিবের রুটিন দায়িত্বে)